# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ জনসংখ্যা বৃদ্ধির সাথে অর্থনৈতিক উন্নয়নের সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনসংখ্যা বৃদ্ধি বা হ্রাস নির্ভর করে জন্মহার মৃত্যুহার ও অভিগমনের ওপর যা বিভিন্ন তত্ত্ব উপাত্ত ও গাণিতিক হিসাবের মাধ্যমে নির্ণয় করা হয়। জনসংখ্যা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন বিশ্লেষণ করতে গিয়ে ওয়ার্নার থম্পসন একটি জনবিবর্তন মডেল প্রদান করেন যেখানে জন্মহার, মৃত্যুহার এবং অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কে উপস্থাপন করা হয়েছে।


ক. ওয়ার্নার থম্পসন কত সালে জনমিতিক ট্রানজিশনাল মডেলটি উপস্থাপন করেন? ১

খ. উল্লিখিত মডেলে কয়টি পর্যায় ও কী কী? ২

গ. উদ্দীপকের প্রদত্ত মডেলটির পর্যায়সমূহের বৈশিষ্ট্য বর্ণনা দাও। ৩

ঘ. প্রদত্ত মডেলের আলোকে বাংলাদেশের জনসংখ্যা ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যে সম্পর্ক স্থাপন কর। ৪

২.▶




Teachingbd.com


ক. প্রশমন বলতে কী বোঝ? ১

খ. অবকাঠামোগত প্রস্তুতি কী কী? ২

গ. 'দূষণ ও দুর্যোগ এর সম্পর্ক সমানুপাতিক' ব্যাখ্যা কর। ৩

ঘ. দুর্যোগ মোকাবেলার প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৪

৩.▶




ক. ধান উৎপাদনে ভৌগোলিক নিয়ামক কী কী? ১
খ. ধান উৎপাদনকারী প্রধান ৫টি দেশের নাম লিখ। ২
গ. ধান উৎপাদনে এশিয়া মহাদেশ কি গুরুত্বপূর্ণ? ৩
ঘ. 'ধান এই অঞ্চলে প্রধান কৃষি ফসল' চিত্রের আলোকে ব্যাখ্যা কর। ৪

৪. ▶ প্রাকৃতিক গ্যাস বাংলাদেশের একমাত্র গুরুত্বপূর্ণ জ্বালানি সম্পদ। বাংলাদেশের শিল্পোন্নয়ন, তাপবিদ্যুৎ উৎপাদন, গৃহস্থালি ও বাণিজ্যিক কাজে এর ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাওয়ায় বিশেষজ্ঞরা ভবিষ্যৎ শক্তি সম্পদ নিয়ে চিন্তিত।


ক. বাংলাদেশে প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান কী? ১
খ. প্রাকৃতিক গ্যাস ব্যবহারের ক্ষেত্রগুলো কী কী? ২
গ. চিত্রের মাধ্যমে বাংলাদেশের প্রাকৃতিক গ্যাসের খনিগুলো চিহ্নিত কর। ৩
ঘ. 'শক্তিসম্পদই একমাত্র প্রাকৃতিক গ্যাসের বিকল্প' উদ্দীপকের আলোকে তত্ত্বটি বিশ্লেষণ কর। ৪

৫. ▶




ক. আমদানি ও রপ্তানি বাণিজ্য বলতে কী বোঝায়? ১
খ. বাংলাদেশের আমদানি ও রপ্তানি পণ্যসমূহের একটি তালিকা কর। ২
গ. রপ্তানিযোগ্য খাত হিসেবে পোশাক শিল্পের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের বাণিজ্য ঘাটতির কারণ ও প্রতিকারের উপায় কী হতে পারে? চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৬. ▶




ক. গ্রামীণ ও নগর বসতি বলতে কী বোঝায়? ১
খ. বসতি গড়ে ওঠার ভৌগোলিক উপাদানগুলো কী কী? ২
গ. 'নদীই বসতি নির্মাণের প্রধান উপাদান' চিত্রের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ঢাকা নগরীর সাথে চিত্রের 'A' নগরীর সামঞ্জস্যতা যাচাই কর। ৪

http://teachingbd.com

# ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট　　　　পূর্ণমান — ৩৫　　　　বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. মানব ভূগোলের ক্ষেত্র কয়টি উপাদানে গঠিত?
ক ২টি　খ ৩টি
গ ৪টি　ঘ ৫টি

২. কোনটি ওশেনিয়া মহাদেশের বৃহত্তম দেশ?
ক মাদাগাস্কার　খ নিউজিল্যান্ড
গ অস্ট্রেলিয়া　ঘ পাপুয়া নিউগিনি

৩. রাজশাহী বিভাগের অন্তর্গত জেলা হলো—
i. বগুড়া ও জয়পুরহাট
ii. গাইবান্ধা ও কুড়িগ্রাম
iii. পাবনা ও সিরাজগঞ্জ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪. কোনটি অভিগমনের বিকর্ষণমূলক কারণ?
ক সামাজিক নিরাপত্তাগত সুবিধা
খ কর্মসংস্থানের সুবিধা
গ আত্মীয়স্বজনের নৈকট্য লাভ
ঘ অর্থনৈতিক মন্দা

৫. অভিগমনের আকর্ষণমূলক কারণ কোনটি?
ক সাম্প্রদায়িক বৈষম্য
খ অর্থনৈতিক মন্দা
গ প্রাকৃতিক দুর্যোগজনিত ক্ষয়-ক্ষতি
ঘ সম্পদ প্রাপ্তিমূলক ব্যক্তিগত সুবিধা

৬. কোন ধরনের অঞ্চলে সাধারণত জন্মহার বেশি?
ক শহর অঞ্চলে　খ নগর অঞ্চলে
গ গ্রাম এলাকায়　ঘ পাহাড় ও বনাঞ্চলে

৭. বাংলাদেশের সবচেয়ে কম বসতি কোন জেলায়?
ক খাগড়াছড়ি　খ রাঙ্গামাটি
গ বান্দরবান　ঘ বরগুনা

৮. বিক্ষিপ্ত গ্রামীণ বসতি গড়ে ওঠার কারণ হলো—
i. ভূ-প্রকৃতি, মাটি ও পানি
ii. বনাঞ্চল ও পশুচারণ
iii. সামাজিক ও প্রতিরক্ষা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. বিক্ষিপ্ত বসতির বৈশিষ্ট্য হলো—
ক বাসগৃহের একত্রে সমাবেশ
খ যোগাযোগ ব্যবস্থা খুব উন্নত
গ ক্ষুদ্রাকৃতির বসতি
ঘ বৃহৎ আকৃতির বসতি

১০. বাংলাদেশের অধিকাংশ শহরের অন্যতম সমস্যা কোনটি?
ক বস্তি　খ অধিক যানবাহন
গ স্বল্প আয়তন　ঘ রাস্তাঘাটের স্বল্পতা

১১. জীবনধারনের জন্য মানুষের প্রথম এবং প্রধান চাহিদা কী?
ক বিশুদ্ধ পানীয় জল　খ বস্ত্র
গ বাসস্থান　ঘ শিক্ষা

১২. পৃথিবীর অধিকাংশ ধান উৎপন্ন হয়—
ক চীন ও ভারত
খ ভারত ও বাংলাদেশ
গ ইন্দোনেশিয়া ও থাইল্যান্ড
ঘ চীন ও জাপান

১৩. পৃথিবীর প্রথম ও দ্বিতীয় গম উৎপাদনকারী দেশ হলো—
ক ভারত ও জাপান　খ চীন ও ভারত
গ ভারত ও রাশিয়া
ঘ আমেরিকা, যুক্তরাষ্ট্র ও ফ্রান্স

১৪. সমুদ্রের উপকূলীয় মৎস্যের মধ্যে উল্লেখযোগ্য হলো—
i. হেরিং ও ম্যাকারেল　ii. সার্ডিন ও পিলচার্ড
iii. ইলিশ ও চিংড়ি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১৫. মেষ পালনে কোন দেশ বিশ্বে প্রথম?
ক ভারত　খ অস্ট্রেলিয়া
গ চীন　ঘ যুক্তরাজ্য

১৬. আকরিক লোহা উত্তোলনে কোন দেশ দুটি শীর্ষ স্থানীয়?
ক ভারত ও রুশ ফেডারেশন
খ দক্ষিণ আফ্রিকা ও আমেরিকা যুক্তরাষ্ট্র
গ চীন ও অস্ট্রেলিয়া　ঘ কানাডা ও সুইডেন

১৭. পৃথিবীর প্রধান কয়লা উত্তোলনকারী দেশ হলো—
ক ভারত ও অস্ট্রেলিয়া
খ চীন ও আমেরিকা যুক্তরাষ্ট্র
গ দক্ষিণ আফ্রিকা ও রুশ ফেডারেশন
ঘ যুক্তরাজ্য ও পোল্যান্ড

১৮. বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাসক্ষেত্র কোনটি?
ক বাখরাবাদ　খ হরিপুর
গ তিতাস　ঘ ছাতক

Teachingbd.com

১৯. খনিজ সম্পদ কমে গেলে কোন প্রভাবটি দেখা যাবে?
ক) চিকিৎসা সহায়তা কমে যাবে
খ) শিল্প ও বাণিজ্য হ্রাস পাবে
গ) মানুষের সুখ-স্বাচ্ছন্দ্য ও সমাজের উন্নতি কমে যাবে
ঘ) রাজনৈতিক অস্থিরতা দেখা দেবে

২০. কোন দেশ লৌহ ও ইস্পাত শিল্পে দ্বিতীয়?
ক) রুশ ফেডারেশন খ) জাপান
গ) চীন ঘ) যুক্তরাষ্ট্র

২১. বাংলাদেশে কয়টি চিনির কল আছে?
ক) ১৬টি খ) ১৭টি
গ) ১৮টি ঘ) ২০টি

২২. বাংলাদেশে কয়টি সার কারখানা আছে?
ক) ৫টি খ) ৬টি
গ) ৭টি ঘ) ৮টি

২৩. কোন দশকে রপ্তানিমুখী পোশাক শিল্পের যাত্রা শুরু হয়?
ক) সত্তর দশকের প্রথমে
খ) আশির দশকের প্রথমে
গ) আশির দশকের শেষে
ঘ) সত্তর দশকের শেষে

২৪. বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থার ওপর প্রাকৃতিক পরিবেশের প্রভাব হলো—
i. নদ-নদী ও ভূ-প্রকৃতি
ii. মূলধন ও শ্রমিক
iii. বর্ষাকালের প্রভাব ও সড়ক নির্মাণে স্বল্প সময়কাল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. বাংলাদেশের সড়কপথের সুবিধার মধ্যে রয়েছে—
i. বাজার ব্যবস্থা ও সুষম অর্থনৈতিক উন্নতি
ii. কৃষি ও শিল্পোন্নয়ন
iii. দ্রব্যমূল্যের সমতা ও কর্মসংস্থান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. বিশ্বের কোন দেশের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক সবচেয়ে বেশি ও ঘনিষ্ঠ?
ক) ভারত খ) যুক্তরাষ্ট্র
গ) জাপান ঘ) সৌদি আরব

২৭. বাংলাদেশের সাথে আমদানি ও রপ্তানিকারক প্রধান দেশসমূহ হলো—
i. চীন, জাপান, দক্ষিণ কোরিয়া
ii. যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন
iii. চীন, জাপান, যুক্তরাষ্ট্র
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৮. পানি দূষণের জন্য প্রধানত দায়ী হলো—
ক) কল-কারখানার নির্গত গ্যাস
খ) যানবাহনের নির্গত গ্যাস
গ) কৃষি বর্জ্য ও জলযান নির্গত বর্জ্য
ঘ) তাপবিদ্যুৎ কেন্দ্রের ধোঁয়া ও ছাই

২৯. দুর্যোগ ব্যবস্থাপনার উদ্দেশ্য হলো—
i. ক্ষতির পরিমাণ হ্রাস করা
ii. ত্রাণ ও পুনর্বাসন নিশ্চিত করা
iii. পুনরুদ্ধার কাজ ভালোভাবে সম্পন্ন করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩০. বর্তমানে বিশ্বে অভিগমনের ক্ষেত্রে যে কারণ অধিক গ্রহণযোগ্য—
i. উচ্চশিক্ষা ii. উন্নত জীবনযাপন
iii. উচ্চ মজুরি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩১. পুঞ্জিভূত বসতির বৈশিষ্ট্য নয় কোনটি?
ক) বাসগৃহের একত্রে সমাবেশ
খ) যোগাযোগ ব্যবস্থা খুব উন্নত
গ) বৃহদাকৃতি বসতি
ঘ) ছড়িয়ে ছিটিয়ে থাকা বসতি

৩২. কোন দেশ বিশ্বে ধান, গম, চা উৎপাদন প্রথম?
ক) ভারত খ) চীন
গ) ইন্দোনেশিয়া ঘ) বাংলাদেশ

৩৩. জৈব খনিজ হলো—
ক) লোহা ও সীসা খ) কয়লা ও খনিজ তেল
গ) তামা ও চিনি ঘ) নিকেল ও ম্যাঙ্গানিজ

৩৪. পৃথিবীর প্রধান খনিজ তেল উত্তোলনকারী দেশ কোনটি?
ক) আমেরিকা যুক্তরাষ্ট্র খ) সৌদি আরব
গ) রুশ ফেডারেশন ঘ) চীন

৩৫. রাজশাহী বিভাগে কয়টি চিনির কল আছে?
ক) ৩টি খ) ৪টি
গ) ১০টি ঘ) ৬টি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | গ | | | | | | | | | | |

http://teachingbd.com